

■■ সহীহ মুসলিম (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৫৪৪৩

৩৯/ শিষ্টাচার (كتاب الآداب)

পরিচ্ছেদঃ ৮. অনুমতি গ্রহন প্রসঙ্গে

باب الإسْتِئْذَانِ

আরবী

حَدَّثَنِي أَبُو الطَّاهِرِ، أَخْبَرَنِي عَبْدُ اللَّهِ بْنُ وَهْب، حَدَّثَنِي عَمْرُو بْنُ الْحَارِث، عَنْ بُكَيْرِ بْنِ الْأَشَجِّ، أَنَّ بُسْرَ بْنَ سَعِيد، حَدَّتُهُ أَنَّهُ، سَمِعَ أَبَا سَعِيد الْخُدْرِيَّ، يَقُولُ كُنَّا فِي مَجْلِسٍ عِنْدَ أَبُيّ بْنِ كَعْبٍ فَأَتَى أَبُو مُوسَى الأَشْعَرِيُّ مُغْضَبًا حَتَّى وَقَفَ فَقَالَ أَنشُدُكُمُ اللَّهَ هَلْ سَمِعَ أَبُيّ بْنِ كَعْبٍ فَأَتَى أَبُو مُوسَى الله عليه وسلم يَقُولُ " الإسْتِلْذَانُ تَلاَثٌ فَإِنْ أُذِنَ لَكَ وَإِلاَّ أَحَدٌ مِنْكُمْ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم يَقُولُ " الإسْتِلْذَانُ تَلاَثٌ قَالِنَ أُذِنَ لَكَ وَإِلاَّ فَارْجِعْ " . قَالَ أَبُيُّ وَمَا ذَاكَ قَالَ اسْتَأْذَنْتُ عَلَى عُمرَ بْنِ الْخَطَّابِ أَمْسِ قَلاَثَ مَرَّاتِ فَلَمْ يُونُنَ لِي فَرَجَعْتُ ثُمَّ جَلْتُهُ الْيَوْمَ فَدَخَلْتُ عَلَيْهِ فَأَخْبَرْتُهُ أَنِي جِئْتُ أَمْسٍ فَسَلَّمْتُ ثَلاَتًا ثُمَّ لَيُومَ فَدَخَلْتُ عَلَى شُغْلِ فَلَوْ مَا اسْتَأْذَنْتَ حَتَّى يُؤْذَنَ لَكَ قَالَ اسْتَأْذَنْتُ كَمَا سَمِعْتُ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم قَالَ فَوَاللَّهِ لأُوجِعَنَ ظَهْرَكَ الله عَلَى وَبَعْنَ ظَهْرَكَ وَبَعْنَ ظَهْرَكَ وَبَعْنَ عَلَى هَذَا لَكَ عَلَى هَذَا لَكَ عَلَى هَوْلَا لَهُ لِأَنْ عَنْ الله عَلَى فَوَاللَّهِ لاَ يَقُومُ مَعَكَ إِلاَ وَبَعْنَ طَهْرَكَ مَتُ مَنَ اللّهُ عَلَى مَنْ الله عَلَى وَاللّهِ لاَ يَقُومُ مَعَكَ إِلاَ الله عليه وسلم يَقُولُ هَمَا سَعِيدٍ . فَقُمْتُ حَتَّى أَتَيْتُ عُمَرَ فَقُلْتُ قَدْ سَمِعْتُ رَسُولَ اللّهِ صلى الله عليه وسلم يَقُولُ هَذَا . فَقُمْتُ حَتَّى أَتَيْتُ عُمَرَ فَقُلْتُ قَدْ سَمِعْتُ رَسُولَ اللّهِ صلى الله عليه وسلم يَقُولُ هَذَا . فَقُمْتُ حَتَّى أَتَيْتُ عُمَرَ فَقُلْتُ قَدْ سَمِعْتُ رَسُولَ اللّهِ عليه وسلم يَقُولُ هَذَا .

বাংলা

৫৪৪৩। আবূ তাহির (রহঃ) ... আবৃ সাঈদ খুদরী (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, আমরা উবাই ইবনু কা'ব (রাঃ) এর কাছে একটি মজলিসে ছিলাম। তখন আবৃ মূসা আশআরী (রাঃ) রাগান্বিত অবস্থায় এসে দাঁড়িয়ে বললেন, আমি তোমাদের আল্লাহর কসম দিয়ে জিজ্ঞাসা করছি, তোমাদের মধ্যে কেউ কি রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কে বলতে শুনেছ যে, 'অনুমতি গ্রহণ' তিনবার, তাতে যদি তোমাকে অনুমতি দেওয়া হয়, ভাল, অন্যথায় তুমি ফিরে আস।

উবাই (রাঃ) বললেন এতে কী হয়েছে? তিনি বললেন, গতকাল (খলীফা) উমার ইবনু খাত্তাব (রাঃ) এর কাছে



আমি তিনবার অনুমতি চাইলাম। আমাকে অনুমতি দেওয়া হলো না, তাই আমি ফিরে এলাম। পরে আজ তাঁর কাছে গেলাম এবং তার কাছে প্রবেশ করে তাঁকে খবর দিলাম যে, আমি গতকাল এসেছিলাম এবং তিনবার সালাম করে (জবাব না পেয়ে) ফিরে গিয়েছিলাম। তিনি বললেন, আমরা তোমার আওয়াজ শুনতে পেয়েছিলাম, তবে তখন আমরা ব্যস্ত ছিলাম। কিন্তু তোমাকে অনুমতি দেওয়া পর্যন্ত তুমি অনুমতি চাইতে থাকলে না কেন? তিনি বললেন, আমি তো তেমন অনুমতি চেয়েছি, যেমন রাসুলুল্লাহ সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম কে বলতে শুনেছি।

উমার (রাঃ) বললেন, আল্লাহর কসম! তোমর পিঠে ও পেটে আঘাত করব; কিংবা তুমি এমন লোক উপস্থিত করবে, যে এ বিষয়ে তোমার পক্ষে সাক্ষ্য দেবে। তখন উবাই ইবনু কা'ব (রাঃ) বললেন, আল্লাহর কসম! আমাদের সবচে তরুণ বয়সের ব্যক্তই তোমার সাথে যাবে। হে আবূ সাঈদ! উঠ, তখন আমি দাঁড়ালাম এবং উমার (রাঃ) এর কাছে এসে বললাম, আমি অবশ্যই রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কে একথা বলতে শুনেছি।

English

Abd Sa'id Khudri reported:

We were in the company of Ubayy b. Ka'b that Abu Musa Ash'ari came there in a state of anger. He stood (before us) and said: I ask you to bear witness in the name of Allah whether anyone amongst you heard Allah's Messenger (ﷺ) as saying: Permission (for entering the house) should be sought three times and if permission is granted to you (then get in). otherwise go back. Ubayy b. Ka'b said: What is the iiiatter? He said: I sought permission yesterday from 'Umar b. Khattab three times but he did not permit me, so I came back; then I went to him today and visited him and informed him that I had come to him yesterday and greeted him thrice, then came back, whereupon he said: Yes, we did hear you but be were at that time busy, but why did you not seek permission (further and you must have never gone back until you were permitted to do so). He said: I sought permission (in the manner) that I heard Allah's Messenger (ﷺ) having said (in connection 'With the seeking of permission for entering the house of a stranger). Thereupon he (Hadrat Umar) said: By Allah, I shall torture your back and your stomach unless you bring one who may bear witness to what you state. 'Ubayy b. Ka'b said: By Allah, none should stand with you (to bear testimony) but the youngest amongst us. And he therefore, said to Abu Sa'id: Stand up. So I stood up until I came to Umar and said: I heard Allah's Messenger (ﷺ) say this.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত



 ${\color{red} {\it 9}} \; {\it Link-https://www.hadithbd.com/hadith/link/?id=15313}$

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন